রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৫, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৫৪-আইন/২০১০।**—কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৮ নং আইন) এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

**প্রথম অধ্যায়**

**সূচনা**

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"অনুষ্ঠান"** অর্থে কেব্‌ল্ নেটওয়ার্কে সম্প্রচারিত অনুষ্ঠান যথা-চলচ্চিত্র, ফিচার, নাটক, ধারাবাহিক নাটক, নৃত্য, সংগীত, ক্রীড়া, বিজ্ঞাপন, ম্যাগাজিন অনুষ্ঠান, যে কোন সবাক বা নির্বাক শৈলী উপস্থাপন, যে কোন প্রতিবেদন ও সংবাদসহ প্রচারিত যে কোন অনুষ্ঠানকে বুঝাইবে; এবং ভিডিও ক্যাসেট রেকর্ডার, ভিডিও ক্যাসেট প্লেয়ার, ভিডিও ক্যাসেট ডিস্ক, ডিজিটাল ভিডিও ডিস্ক ও অন্যান্য প্রযুক্তি দ্বারা পরিবেশিত যে কোন অনুষ্ঠান এবং অশ্লীল অনুষ্ঠানও উহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্য ঃ টাকা ১৪.০০

(২) **"আইন"** অর্থ কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন,২০০৬ (২০০৬ সনের ৩৮ নং আইন);

(৩) **"কেব্‌ল্ অপারেটর"** অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেবল্ টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে এলাকা ভিত্তিক ভূনির্ভর (টেরিস্ট্রিয়াল) চ্যানেল, উপগ্রহ বা স্যাটেলাইট চ্যানেল (ফ্রি টু এয়ার চ্যানেল ও পে-চ্যানেল), ইত্যাদি গ্রাহকদের উদ্দেশ্যে বাণিজ্যিক ভিত্তিতে সঞ্চালন এবং প্রেরণের জন্য কন্ট্রোল রুম হইতে সিগন্যাল প্রস্তুত করেন ও দর্শকের চাহিদা পুরণের লক্ষ্যে ফিড অপারেটর বা গ্রাহকের নিকট বিতরণ করেন; এবং মাল্টিপল সিস্টেম অপারেটরও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৪) **"কেব্‌ল্ টেলিভিশন নেটওর্য়াক"** অর্থে এমন একটি পদ্ধতিকে বুঝাইবে যাহার নিজস্ব, লীজ বা ভাড়াকৃত নিয়ন্ত্রিত সম্প্রচারন লাইন বা মাল্টি চ্যানেল মাল্টি পয়েন্ট ডিস্ট্রিবিউশন সার্ভিস (এম.এম. ডি. এস) বা ডাইরেক্ট টু হোম (ডি.টিএইচ) থাকিবে এবং সংযুক্ত সিগন্যাল প্রস্তুতকরণ, নিয়ন্ত্রণ ও বহুবিধ গ্রাহকের চাহিদা মিটাইবার জন্য প্রয়োজনীয় বিতরণ যন্ত্রপাতি থাকিবে;

(৫) **"গ্রাহক"** অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্কের সিগন্যাল কেব্‌ল্ অপারেটরের নিকট হইতে তদকর্তৃক নির্দিষ্টকৃত কোন স্থানে, অন্য কোন ব্যক্তির নিকট সঞ্চালন বা সম্প্রচার করা ব্যতিরেকে, গ্রহণ করেন;

(৬) **"চ্যানেল"** অর্থ পে-চ্যানেল বা ফ্রি টু এয়ার চ্যানেল;

(৭) **"ডাউন লিংক"** অর্থ স্যাটেলাইট হইতে সিগন্যাল গ্রহণ করা;

(৮) **"ডিস্ট্রিবিউটর"** অর্থ এমন ব্যক্তি যিনি দেশী বা বিদেশী কোন চ্যানেলের ব্রডকাস্টারের স্থানীয় পরিবেশক হিসাবে ঐ চ্যানেলের অনুষ্ঠান ধারণের লক্ষ্যে ডিকোডার, চিপস ও আনুষঙ্গিক যন্ত্রপাতি আমদানী করিয়া বাণিজ্যিক ভিত্তিতে সেবাপ্রদানকারীর নিকট সরবরাহ করেন;

(৯) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(১০) **"ধারা"** অর্থ আইনের ধারা;

(১১) **"পরামর্শক কমিটি"** বা **কমিটি**" অর্থ বিধি ১০ অনুসারে গঠিত "পরামর্শক কমিটি" বা "কমিটি";

(১২) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(১৩) **"ফিড অপারেটর"** অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেব্‌ল্ অপারেটরের নিকট হইতে সিগন্যাল গ্রহণ করিয়া নির্ধারিত ফি'র বিনিময়ে গ্রাহককে সংযোগ প্রদান করেন;

(১৪) **"ব্যক্তি"** শব্দের আওতায় কোন প্রাকৃতিক ব্যক্তিসত্ত্বা বিশিষ্ট একক ব্যক্তি (Individual), অংশীদারী কারবার, সমিতি, কোম্পানী, কর্পোরেশন, সমবায় সমিতি এবং সংবিধিবদ্ধ সংস্থা (statutory body) অন্তর্ভুক্ত;

(১৫) **"এম. এস. ও (MSO) বা মাল্টিপল সিস্টেম অপারেটর"** অর্থ এমন কেব্‌ল্ অপারেটর যিনি সিগন্যাল প্রস্তুত করিয়া অন্য কোন কেব্‌ল্ অপারেটর বা ফিড অপারেটরের নিকট সরবরাহ বা বিতরণ করেন;

(১৬) **"লাইসেন্স"** অর্থ এই বিধিমালার অধীনে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স;

(১৭) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ জেলার ক্ষেত্রে স্ব-স্ব জেলা প্রশাসক বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত যে কোন সরকারি কর্মকর্তা;

(১৮) **"লাইসেন্স ফি"** অর্থ এই বিধিমালায় বিধৃত লাইসেন্স ফি;

(১৯) **"সরকার"** অর্থ তথ্য মন্ত্রণালয়;

(২০) **"সেবা প্রদানকারী"** অর্থ এম.এম. ডি. এস, ডি. টি. এইচ. বা অন্য কোন যন্ত্রের মাধ্যমে গ্রাহকদের মধ্যে চ্যানেল সঞ্চালন বা সম্প্রচার করে এমন কোন এমএসও, কেব্‌ল্ অপারেটর, ফিড অপারেটর বা ব্যক্তি।

## দ্বিতীয় অধ্যায়

## লাইসেন্স প্রদান, ইত্যাদি

৩। **লাইসেন্স প্রদান, ইত্যাদি।**—(১) ধারা ৫ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে উপ-বিধি (২) এ উল্লিখিত তথ্যাদি এবং ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোসহ লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে—

(ক) প্রত্যেক ডিস্ট্রিবিউটরকে তৎকর্তৃক কার্যক্রম পরিচালনার জন্য "ফরম-ক" পূরণক্রমে আবেদনপত্র দাখিল করিতে হইবে;

(খ) প্রত্যেক ডিস্ট্রিবিউটরকে দফা (ক) এর ভিত্তিতে আবেদনপত্র প্রাপ্তির পর দেশী বা বিদেশী ফ্রি টু এয়ার বা বিদেশী প্রে-চ্যানেল ডাউন লিংক করিয়া সেবা প্রদানকারী বরাবর সঞ্চালন করিবার লক্ষ্যে "ফরম-খ" বা, ক্ষেত্রমত, "ফরম-গ" পূরণক্রমে অনুমতি গ্রহণ করিবার জন্য আবেদনপত্র দাখিল করিতে হইবে;

(গ) প্রত্যেক সেবা প্রদানকারীকে তৎকর্তৃক কার্যক্রম পরিচালনার জন্য, "ফরম-ঘ" পূরণক্রমে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) আবেদনপত্রের সাথে ডিস্ট্রিবিউটর বা সেবা প্রদানকারীকে নিম্নবর্ণিত তথ্যাদি, প্রয়োজনীয় প্রমাণাদিসহ, দাখিল করিতে হইবে, যথা ঃ—

(ক) অর্থনৈতিক সক্ষমতা;

(খ) কারিগরী দক্ষতা;

(গ) বিশ্বাসযোগ্যতাসহ পূর্ব-পরিচিতি;

(ঘ) কারিগরী অগ্রগতির সম্ভাব্যতা ও নতুন জ্ঞান বিজ্ঞানের প্রসার;

(ঙ) গ্রাহক চাহিদা;

(চ) অন্যান্য আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নয়নে অবদান;

(ছ) পুঁজি বিনিয়োগে বাংলাদেশী অংশিদারীত্ব।

(৩) আবেদনপত্রের সাথে প্রত্যেক আবেদনকারীকে তফসিল-১ এ বিধৃত অফেরৎযোগ্য লাইসেন্স বা প্রসেস ফি তফসিলি ব্যাংক বা সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিয়া জমার রশিদ দাখিল করিতে হইবে।

(৪) উপ-বিধি-(১) এবং (২) অনুসারে প্রাপ্ত ফরম ও তথ্যাদি প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ—

(ক) পূরণকৃত ফরম ও দাখিলীয় তথ্যাদির সঠিকতা সম্পর্কে নিশ্চিত হইবে; এবং

(খ) ধারা ৫ এর উপ-ধারা (৩) এর বিধান অনুসরণক্রমে তফসিল-২ বা, ক্ষেত্রমত, তফসিল-৩ অনুসারে আবেদনকারী বরাবরে লাইসেন্স ইস্যু করিবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিটি লাইসেন্সে নিম্নবর্ণিত শর্তাবলীর উল্লেখ থাকিবে, যথা ঃ—

(ক) লাইসেন্স গ্রহীতা কর্তৃক এই আইন ও বিধি প্রতিপালন;

(খ) লাইসেন্স গ্রহীতা কর্তৃক সরকার অনুমোদিত চ্যানেল ব্যতীত অন্য কোন চ্যানেল ডাউনলিংক, বিপণন বা সঞ্চালন এবং নিজস্ব অনুষ্ঠান প্রদর্শন বা সম্প্রচার না করণ;

(গ) লাইসেন্স গ্রহীতা কর্তৃক মানসম্মত সেবা প্রদানসহ কারিগরী মান বজায় রাখা ও অন্যান্য কারিগরী শর্তাবলী প্রতিপালন;

(ঘ) ভূ-গর্ভস্থ কেব্‌ল, শূন্যে ঝুলন্ত লাইন ও আনুষঙ্গিক স্থাপনা সংযোজনের বা ব্যবহারের কারণে ক্ষতি হইলে ক্ষতিগ্রস্ত ব্যাক্তি বা সংস্থাকে লাইসেন্স গ্রহীতা কর্তৃক ক্ষতিপূরণ নিশ্চিতকরণ;

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান বাধ্যতামূলকভাবে প্রচারকরণ, যথা ঃ—

(অ) রাষ্ট্রপতি ও সরকার প্রধানের ভাষণ;

(আ) জনগুরুত্বপূর্ণ ঘোষণা বা প্রেসনোট;

(ই) জরুরী দুর্যোগ বার্তা;

(ঈ) সরকার কর্তৃক, সময় সময়, প্রচারিত গুরুত্বপূর্ণ সরকারি ও অন্যান্য অনুষ্ঠান;

(চ) লাইসেন্সগ্রহীতা কর্তৃক ব্যবসা বন্ধ বা পরিবর্তনের বিষয় অবহিতকরণ।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ধারা-৯ এর বিধান মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তির ক্ষেত্রে লাইসেন্স ইস্যু করা যাইবে না, যদি আবেদনকারী—

(ক) বাংলাদেশের নাগরিক ও অধিবাসী না হন; বা

(খ) কোন বিদেশী কোম্পানী, যাহা বিদেশী আইনে নিবন্ধিত ও পরিচালিত; বা

(গ) কোন কোম্পানী যাহার ২০% এর অধিক শেয়ার কোন বিদেশী নাগরিকের বা কোম্পানীর; বা

(ঘ) বিদেশী নাগরিক এর মালিকানা দ্বারা পরিচালিত হয়।

(৭) লাইসেন্সে উল্লিখিত জেলার জন্য লাইসেন্সের কার্যক্রম বৈধ থাকিবে।

৪। **লাইসেন্সের ডুপ্লিকেট বা অনুলিপি প্রদান**।—কোন ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারীর লাইসেন্স হারাইয়া গেলে বা নষ্ট হইলে লাইসেন্সগ্রহীতা তফসিল-১ এ বিধৃত ফি প্রদানপূর্বক উহার ডুপ্লিকেট কপি বা অনুলিপি তফসিল-২ বা, ক্ষেত্রমত, তফসিল-৩ অনুসারে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে গ্রহণ করিতে পারিবেন।

৫। **লাইসেন্সের মেয়াদ ও লাইসেন্স নবায়ন**।—(১) ডিস্ট্রিবিউটর ও সেবাপ্রদানকারীর প্রতিটি লাইসেন্সের মেয়াদ ২ (দুই) বৎসর হইবে।

(২) মেয়াদোত্তীর্ণ হইবার অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে ডিস্ট্রিবিউটর বা সেবাপ্রদানকারীকে তফসিল-১ এ বিধৃত অফেরৎযোগ্য লাইসেন্স বা প্রসেস ফি তফসিলি ব্যাংক বা সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিয়া জমার রশিদসহ ইতিপূর্বে ইস্যুকৃত লাইসেন্স নবায়ন করিবার জন্য "ফরম-ক" বা "ফরম-ঘ" অনুসারে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

৬। **লাইসেন্স স্থগিত বা বাতিলকরণ**।—ধারা ১১ এর বিধান অনুসারে লাইসেন্সিং কর্তৃপক্ষ তদ্‌কর্তৃক প্রদত্ত লাইসেন্স সাময়িকভাবে স্থগিত বা বাতিল করিতে পারিবে এবং উক্ত ধারার অধীন প্রদত্ত সাময়িকভাবে স্থগিত আদেশ, প্রয়োজনে, বাতিল করিতে পারিবে।

৭। **গ্রাহক সেবা, ইত্যাদি**।—ধারা ১৭ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে সেবাপ্রদানকারী গ্রাহকের নিকট হইতে তফসিল-৪ এ বিধৃত হারে সার্ভিস ফি গ্রহণ করিবে। সেবাপ্রদানকারী তফসিল-৪ এ বিধৃত সার্ভিস ফি এর অতিরিক্ত কোন ফি গ্রহণ করিতে পারিবে না ঃ

তবে শর্ত থাকে যে, সরকার সময়ে সময়ে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই ফি পুনঃনির্ধারণ করিতে পারিবে।

৮। **সেবাপ্রদানকারী কর্তৃক রেজিস্টার সংরক্ষণ**।—(১) প্রত্যেক সেবাপ্রদানকারীকে ধারা ২১ এর বিধান অনুসরণের লক্ষ্যে, তাহার দৈনিক সম্প্রচারিত অনুষ্ঠানের বিষয়বস্তু ও তারিখ উল্লেখক্রমে, তফসিল-৫ অনুসারে রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত রেজিস্টার অনুষ্ঠান সম্প্রচারের পর ১ (এক) বৎসর সময় পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।

৯। **সম্প্রচার বা সঞ্চালনের ক্ষেত্রে বাধা-নিষেধ।**—সেবাপ্রদানকারী কেব্‌ল্‌ টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে যে সব অনুষ্ঠান সম্প্রচার বা সঞ্চালন করিতে পারিবে না তাহা নিম্নরূপ, যথা ঃ—

(১) দেশের অখণ্ডতা, স্বাধীনতা, সার্বভৌমত্ব ও মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শের পরিপন্থী কোন অনুষ্ঠান;

(২) রাষ্ট্র পরিচালনার মূলনীতি এবং রাষ্ট্রীয় নীতির পরিপন্থী কোন অনুষ্ঠান;

(৩) হিংসাত্মক, সন্ত্রাস, বিদ্বেষ ও অপরাধ সম্বলিত কোন অনুষ্ঠান;

(৪) বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য, শিক্ষা ও সংস্কৃতি, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ, জাতীয় সংহতি ও রাষ্ট্রীয় ভাবমূর্তির পরিপন্থী কোন অনুষ্ঠান;

(৫) জাতীয় নিরাপত্তা ও জনস্বার্থ হানিকর কোন অনুষ্ঠান;

(৬) দেশের কোন সম্প্রদায় বা গোষ্ঠীর আবেগ অনুভূতিতে আঘাত হানিতে পারে এমন কোন অনুষ্ঠান;

(৭) The Censorship of Films Act, 1963 (Act XVIII of 1963) বা উহার অধীন প্রণীত বিধি বা নীতিমালার পরিপন্থী কোন অনুষ্ঠান;

(৮) অশালীন বা আক্রমণাত্মক কোন রসিকতা, অঙ্গভঙ্গী, নৃত্যগীত, বিজ্ঞাপন, সংলাপ বা সাবটাইটেল সম্বলিত কোন অনুষ্ঠান;

(৯) নগ্নতা, নগ্ন ছায়াছবি, বস্ত্র উম্মোচন দৃশ্য, দেহ প্রদর্শন, অশোভন অঙ্গভঙ্গী, যৌনক্রিয়ার ইংগিত সূচক বা প্রতীকী নাচ অথবা অশোভন দৃশ্যাবলী সম্বলিত এমন কোন অশ্লীল অনুষ্ঠান;

(১০) উচ্ছৃঙ্খলতা, ধ্বংসযজ্ঞ, শিশু-কিশোর অপরাধ বা অপ-সংস্কৃতিকে আকর্ষণীয় ও উৎসাহিত করিতে পারে বা শিশুদের বুদ্ধিমত্তা বিকাশে ক্ষতির কারণ হইতে পারে এমন কোন অনুষ্ঠান;

(১১) মূল তথ্যের বস্তুনিষ্ঠতা অক্ষুণ্ন না রাখিয়া সম্প্রচারিত এমন কোন অনুষ্ঠান;

(১২) অন্য কোন আইন দ্বারা বারিত বা সেন্সরকৃত ছায়াছবি বা কোন অশ্লীল অনুষ্ঠান;

(১৩) বাংলাদেশের দর্শকদের জন্য বিদেশী কোন চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন;

(১৪) সরকারের অনুমতি ব্যতিরেকে সুনির্দিষ্টভাবে বাংলাদেশের দর্শকদের উদ্দেশ্যে বিদেশী চ্যানেলের কোন অনুষ্ঠান সম্প্রচার।

## তৃতীয় অধ্যায়

## পরামর্শক কমিটি, ইত্যাদি

১০। **পরামর্শক কমিটি গঠন, ইত্যাদি।**—ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি পরামর্শক কমিটি, অতঃপর কমিটি বলিয়া উল্লিখিত, গঠন করিবে, যথা ঃ—

(ক) তথ্য মন্ত্রণালয়ের সচিব, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক মনোনীত অন্যূন মহাপরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঙ) ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(চ) বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ছ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(জ) তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (সম্প্রচার);

(ঝ) বাংলাদেশ টেলিভিশন এর মহা-পরিচালক;

(ঞ) সরকার কর্তৃক মনোনীত বেসরকারি সম্প্রচার মাধ্যমের একজন প্রতিনিধি;

(ট) তথ্য মন্ত্রণালয়ের উপ-সচিব (টিভি), যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

১১। **দায়িত্ব ও কার্যাবলী।**—কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা যথাযথভাবে প্রতিপালিত হইতেছে কি না তাহা মূল্যায়ন;

(খ) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ডিস্ট্রিবিউটর এবং সেবাপ্রদানকারী বরাবরে যথাযথভাবে লাইসেন্স ইস্যু করা হইতেছে কিনা তাহা সরেজমিনে তদারকীকরণ;

(গ) ডিস্ট্রিবিউটর, সেবাপ্রদানকারী, গ্রাহক, ফিড অপারেটর, কেবল অপারেটর, মাল্টিপল সিস্টেম অপারেটর, ইত্যাদি কর্তৃক আইনের বিভিন্ন ধারায় উল্লিখিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করা হইতেছে কিনা সে সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক তথ্য সংগ্রহকরণ এবং উক্তরূপ তথ্যের ভিত্তিতে সরকারের নিকট করণীয় বিষয়াদি সম্পর্কে পরামর্শ বা সুপারিশ প্রদান;

(ঘ) সরকার কর্তৃক বিভিন্ন সময়ে অর্পিত দায়িত্ব সম্পাদন;

(ঙ) বিদেশী পে-চ্যানেল ও বিদেশী ফ্রি টু এয়ার চ্যানেল বাংলাদেশে ডাউন লিংকের সংখ্যা নির্ধারণসহ অনুমোদনের লক্ষ্যে সরকার বরাবরে সুপারিশ প্রদান;

(চ) ধারা ১৯ এর আলোকে বিদেশী পে-চ্যানেল ও ফ্রি টু এয়ার চ্যানেল নির্বাচন;

(ছ) উপরি-উক্ত দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ বা সরকার বরাবরে সুপারিশমালা প্রেরণ।

১২। **কমিটির সভা।**—(১) কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কমিটির সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রতি ছয় মাসে কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবেঃ

আরো শর্ত থাকে যে, কমিটি প্রয়োজনে, যে কোন সময়, স্বল্প সময়ে নোটিশ জারী করিয়া জরুরী সভা আহ্বান করিতে পারিবে।

(৩) সভাপতি কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক নির্দেশিত কোন সদস্য বা এইরূপ কোন নির্দেশ না থাকিলে সভায় উপস্থিত সদস্যগণের দ্বারা নির্বাচিত অন্য কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-দ্বিতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) কমিটির প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৭) সরকার যে কোন সময় বিধি ১০ তে উল্লিখিত সদস্যের অতিরিক্ত হিসাবে যে কোন সরকারী বা বেসরকারী সংস্থা বা প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তিকে, প্রয়োজনে, কমিটির সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

১৩। **কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন**।—(১) কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সদস্য-সচিব দায়ী থাকিবেন।

(২) কমিটির সিদ্ধান্ত অনুসারে সম্পাদিত কার্যক্রম এবং অন্যান্য বিষয়াদি সম্বলিত প্রতিবেদন, যথাশীঘ্র সম্ভব, সরকার বরাবরে দাখিল করিতে হইবে।

(৩) সরকার কর্তৃক প্রাপ্ত দিক-নির্দেশনা অনুসারে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে এবং গৃহীত পদক্ষেপের বিষয়াদি সরকারকে অবহিত করিতে হইবে।

১৪। **সভার ব্যয়, ইত্যাদি**।—কমিটির সভা সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় সরকার কর্তৃক ব্যয়িত হইবে এবং এইরূপ ব্যয়ের ক্ষেত্রে সরকারের এতদ্‌সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়

## শাস্তি, ইত্যাদি

১৫। **শাস্তি, দণ্ড, ইত্যাদি**।—(১) কেবল্‌ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬ এর ধারা ২৮ এর উপ-ধারা (১) এ বর্ণিত ধারাসমূহের কোন বিধান লঙ্ঘন হইবে একটি অপরাধ এবং উক্তরূপে সংঘটিত অপরাধের জন্য উক্ত ধারার উপ-ধারা (২) এ উল্লিখিত দণ্ড আরোপ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত অপরাধের বিচার ও দণ্ড আরোপের ক্ষেত্রে কেবল্‌ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬ এর ধারা ২৯ এবং ৩০ এর বিধান প্রযোজ্য হইবে।

**ফরম ক**

**[ বিধি-৩(১)(ক), ৫(২) দ্রষ্টব্য ]**

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি এখানে সংযুক্ত করিতে হইবে।

বরাবর

লাইসেন্সিং কর্তৃপক্ষ
(জেলা প্রশাসক/সরকার কর্তৃক নিযুক্তিয়-----------------------)
ঠিকানা---------------------------------------------

বিষয় ঃ **চ্যানেল ডিস্ট্রিবিউটরশীপের লাইসেন্সের জন্য আবেদনপত্র।**

০১। আবেদনকারী— ঃ --------------------------------------------------
ক. নাম ঃ --------------------------------------------------
খ. পিতার নাম ঃ --------------------------------------------------
গ. মাতার নাম ঃ --------------------------------------------------
ঘ. স্বামী/স্ত্রীর নাম ঃ --------------------------------------------------
ঙ. স্থায়ী ঠিকানা ঃ --------------------------------------------------

০২। কোম্পানির/প্রতিষ্ঠানের—
ক. নাম ঃ --------------------------------------------------
খ. ঠিকানা ঃ --------------------------------------------------
--------------------------------------------------
গ. টেলিফোন অফিস ঃ ------------------বাসা ঃ ----------------
মোবাইল ঃ --------------------------------------
ঘ. ফ্যাক্স নম্বর ঃ --------------------------------------------------
ঙ. ই-মেইল (যদি থাকে) ঃ --------------------------------------------------

০৩। যে জন্য ফিস পরিশোধিত ঃ (প্রযোজ্য ক্ষেত্রে √ চিহ্ন দিন)
ক. লাইসেন্স (নতুন) ঃ ☐
খ. নবায়ন ঃ ☐
গ. ডুপ্লিকেট/অনুলিপি ঃ ☐

০৪। চ্যানেল কোম্পানির বাংলাদেশে কার্যক্রম পরিচালনার জন্য বৈধ রেজিস্ট্রেশন আছে কিনা ? ঃ (থাকিলে বিস্তারিত তথ্যাদি সংযুক্ত করিতে হইবে)

০৫। বাধ্যতামূলক চ্যানেল কেব্‌ল্ সার্ভিসে অন্তর্ভুক্ত আছে কিনা ? ঃ

০৬। পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট (মূলকপি) টাকা ------------ নং --------- তারিখ ---------

ব্যাংক ----------------------------শাখা ----------------- জেলা ----------------

কেবল্ ডিস্ট্রিবিউটর হিসেবে—

ক. তথ্য মন্ত্রণালয়ের অনুমোদনপত্রের কপি।

খ. বিদেশে অর্থ প্রেরণের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমতিপত্রের কপি

গ, ব্রডকাস্টার-এর অনুমতি বা চুক্তিপত্র সংক্রান্ত কপি।

(ক–গ) সংযুক্ত করা হইল।

ব্যবসা শুরুর তারিখ (দিন-মাস-বছর) ঃ

চ্যানেল সংখ্যা (নামসহ) সংযুক্ত করা হইল ঃ

নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করা হইল ঃ—

ক. ট্রেড লাইসেন্স;

খ. আবেদনকারীর বা কোম্পানির ব্যাংক সচ্ছলতার সনদ;

গ. আবেদনকারীর বা কোম্পানির টিআইএন সনদ;

ঘ. প্রতিষ্ঠান কোম্পানির ভ্যাট রেজিস্ট্রেশন সনদ;

ঙ. প্রতিষ্ঠান/কোম্পানির প্রত্যেক অংশীদার পরিচালকের নাম ও ঠিকানা; (প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করুন)

চ. লিমিটেড কোম্পানির ক্ষেত্রে কোম্পানির সংঘবিধি ও সংঘস্মারকের কপি।

আমি/আমরা ............................................................... ঘোষণা করিতেছি যে,

ক. উপরোল্লিখিত সকল তথ্যাদি সঠিক।

খ. সরকার কর্তৃক অনুমোদিত চ্যানেল ব্যতীত নিজস্ব কোন চ্যানেল (যেমন—ভিডিও, ভিসিডি, ডিভিডি

এর মাধ্যমে বা অন্য কোন উপায়ে) বাংলাদেশে ডাউনলিংক, বিপণন, সঞ্চালন বা সম্প্রচার করিব না।

গ. প্রত্যেক সেবাদানকারীকে তার সঞ্চালিত চ্যানেলের মধ্যে সরকারি চ্যানেলসমূহ, আবশ্যিকভাবে, অগ্রাধিকারক্রমে, প্রাইম ব্যান্ডে E2 হইতে E6 পর্যন্ত কোন প্রকার পরিবর্তন ব্যতিরেকে, অব্যাহতভাবে সঞ্চালন বা সম্প্রচার করিতে হইবে। অতঃপর সরকার অনুমোদিত বেসরকারি দেশীয় ফ্রি টু এয়ার চ্যানেলসমূহ অনুমোদনের তারিখ হইতে অগ্রাধিকারক্রমে প্রাইম ব্যান্ডে ও তৎপরবর্তী ব্যান্ডসমূহে, অব্যাহতভাবে সঞ্চালন বা সম্প্রচার করিতে হইবে।

ব্যাখ্যা—প্রাইম ব্যান্ড বলিতে আন্তর্জাতিকভাবে স্বীকৃত E2 হইতে E12 পর্যন্ত ১১টি চ্যানেলকে প্রাইম ব্যান্ড বুঝাইবে। তৎপরবর্তী ব্যান্ড বলিতে XYZ ও S5 হইতে S10 কে বুঝাইবে।

ঘ. অনুমোদিত নয় এমন কোন চ্যানেল যদি ডাউনলিংক, বিপণন, সঞ্চালন বা সম্প্রচার করি তাহা হইলে সরকার বা লাইসেন্সিং কর্তৃপক্ষ আমার/আমাদের বিরুদ্ধে কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর বিধান অনুসারে যথাযথ আইনানুগ ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর

তারিখ ঃ....................... । সীলমোহর (যদি থাকে)

**ফরম খ**

**[বিধি-৩ (১) (খ) দ্রষ্টব্য]**

| |
|---|
| আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি এখানে সংযুক্ত করিতে হইবে। |

বরাবর

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ **দেশীয় বা বিদেশী ফ্রি টু এয়ার চ্যানেলের জন্য অনুমতির আবেদন।**

মহোদয়,

আমি/আমরা এতদ্‌সংগে কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর আওতায় দেশীয় বা বিদেশী ফ্রি টু এয়ার চ্যানেলের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ, অনুমতির জন্য আবেদন করিতেছি, যথা ঃ—

০১। আবেদনকারী কোম্পানির নাম ঃ ..........................................................................

ঠিকানা ঃ ........................................................................................................

০২। ক. টেলিফোন ঃ অফিস ঃ ....................................বাসা ঃ ....................

মোবাইল ঃ ..................................................................

খ. ফ্যাক্স নম্বর ঃ ..........................................................................

গ. ই-মেইল (যদি থাকে) ঃ ..........................................................................

ঘ. কর্পোরেট অফিস/প্রধান অফিস ঃ

আঞ্চলিক অফিস/রেজিস্টার্ড অফিস/দেশ/কর্মকান্ডের ধরন ঃ

০৩। চ্যানেল কোম্পানির বাংলাদেশে কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করা হইল ঃ—

ক. বাংলাদেশে কার্যক্রম পরিচালনার রেজিস্ট্রেশন;

খ. বাংলাদেশ ব্যাংক অনুমতিপত্র;

গ. বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র;

ঘ. ব্রডকাস্টার-এর অনুমতি বা চুক্তিপত্র সংক্রান্ত তথ্যাদি; এবং

ঙ. ট্রেড লাইসেন্স।

০৪। চ্যানেলের শ্রেণী বিভাগ—

ক. সাধারণ সংবাদ ও সাম্প্রতিক ঘটনাবলী;

খ. সাধারণ বিনোদনমূলক (সিরিয়াল আকর্ষণীয় অনুষ্ঠানমালা, সঙ্গীত, সিনেমা, জীবনচিত্র, ভ্রমণ ও পর্যটন এবং সাংস্কৃতিক কার্যক্রম সম্বলিত);

গ. বিশেষ বা এনআইসিএইচই চ্যানেল (ক্রীড়া, বিনোদন, বিজ্ঞান ও প্রযুক্তি, ধর্ম ইত্যাদি চ্যানেলের ধরন সুনির্দিষ্ট করিতে হইবে)।

০৫। বাংলাদেশ ডাউনলিংক এর জন্য প্রস্তাবিত চ্যানেল/চ্যানেলগুলোর নাম ঃ

০৬। প্রস্তাবিত চ্যানেল/চ্যানেলগুলোর কোন্ স্যাটেলাইট থেকে ডাউনলিংক করা হইবে ? ঃ

০৭। বাংলাদেশে কোন্ ভাষায় প্রস্তাবিত চ্যানেলটি টেলিকাস্ট হইবে ? ঃ

০৮। প্রস্তাবিত চ্যানেলটির স্যাটেলাইট সিগনালের ধরন ঃ

০৯। প্রস্তাবিত চ্যানেলগুলোর কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর ধারা ১৯ এ বর্ণিত বিষয়াবলীর পরিপন্থী কোন অনুষ্ঠান সম্প্রচার করে কিনা ? ঃ

১০। যিনি আবেদনকারীর পক্ষে নির্ধারিত ব্যক্তি হিসাবে তথ্য মন্ত্রণালয়ের সাথে প্রাথমিক যোগাযোগ করিবেন কোম্পানির অনুমোদনপত্রসহ তাহার—

নাম ঃ ....................................................................................................

ঠিকানা ঃ ................................................................................................

ফোন .......................... মোবাইল ........................... ফ্যাক্স ..................

১১। আমি/আমরা ........................................................ ঘোষণা করিতেছি যে,

ক. আমি/আমরা বাংলাদেশে ডাউনলিংক ও বিতরণের উদ্দেশ্যে উল্লিখিত চ্যানেলটি বা চ্যানেলগুলোর পক্ষে আবেদন করিতেছি। এ ব্যাপারে বিশদ বিবরণ দেওয়া হইয়াছে। আমার/আমাদের জানামতে আবেদন ফরমে প্রদত্ত তথ্য নির্ভুল।

খ. আমি/আমরা স্বীকার করিতেছি যে, আবেদনের সকল শর্তাবলী এবং কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ ও বিধিমালায় বর্ণিত সকল বিধানাবলী বিশেষতঃ বিধি-নিষেধ এবং সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত আদেশ, নির্দেশ, পরিপত্র, প্রজ্ঞাপন, ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করিব এবং অনুসরণ করিতে বাধ্য থাকিব।

তারিখ ঃ ...........................।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর
সীলমোহর (যদি থাকে)

**লাইসেন্সের জন্য আবেদন ফরম**

**ফরম-গ**

**[বিধি-৩(১)(গ)দ্রষ্টব্য]**

| |
|---|
| আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি এখানে সংযুক্ত করিতে হইবে। |

বরাবর

সচিব
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ **বিদেশী পে-চ্যানেলের জন্য অনুমতির আবেদন।**

মহোদয়,

আমি/আমরা এতদ্‌সঙ্গে কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর আওতায় বিদেশী পে-চ্যানেলের জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ, অনুমতির জন্য আবেদন করিতেছি, যথা ঃ—

০১। আবেদনকারী কোম্পানির নাম ঃ -----------------------------------------------------

ঠিকানা ঃ -----------------------------------------------------

০২। ক. টেলিফোন ঃ অফিস ঃ -------------------- বাসা -------------------

মোবাইল ঃ ------------------------------------------

খ. ফ্যাক্স নম্বর ঃ -----------------------------------------

গ. ই-মেইল (যদি থাকে) ঃ -----------------------------------------

ঘ. কর্পোরেট অফিস/প্রধান অফিস ঃ

ঙ. আঞ্চলিক অফিস/রেজিস্টার্ড অফিস/দেশ/কর্মকান্ডের ধরন ঃ

০৩। ডিস্ট্রিবিউটর কোম্পানি হিসাবে বাংলাদেশে কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করা হইল ঃ—

ক. বাংলাদেশে কার্যক্রম পরিচালনার রেজিস্ট্রেশন;

খ. বাংলাদেশ ব্যাংক অনুমতিপত্র;

গ. বিনিয়োগ বোর্ডের অনুমতিপত্র;

ঘ. ব্রডকাস্টার-এর অনুমতি বা চুক্তিপত্র সংক্রান্ত তথ্যাদি; এবং

ঙ. ট্রেড লাইসেন্স।

০৪। চ্যানেলের শ্রেণী বিভাগ ঃ—

ক. সাধারণ সংবাদ ও সাম্প্রতিক ঘটনাবলী;

খ. সাধারাণ বিনোদনমূলক (সিরিয়াল আকর্ষণীয় অনুষ্ঠানমালা, সঙ্গীত, সিনেমা, জীবনচিত্র, ভ্রমণ ও পর্যটন এবং সাংস্কৃতিক কার্যক্রম সম্বলিত);

গ. বিশেষ বা এনআইসিএইচই চ্যানেল (ক্রীড়া, বিনোদন, বিজ্ঞান ও প্রযুক্তি, ধর্ম ইত্যাদি চ্যানেলের ধরন সুনির্দিষ্ট করিতে হইবে)।

০৫। বাংলাদেশ ডাউনলিংক এর জন্য প্রস্তাবিত চ্যানেল/চ্যানেলগুলোর নাম ঃ ----------------------

০৬। ক. প্রস্তাবিত চ্যানেল/চ্যানেলগুলো যে স্যাটেলাইট থেকে ডাউনলিংক করা হইবে তার নাম------------------------------------------------------------------------

খ. প্রস্তাবিত চ্যানেল/চ্যানেলসমূহের অনুষ্ঠানমালা যে দেশ থেকে আপলিংক করা হইবে তার নাম ------------------------------------------------------------------------

গ. সংশ্লিষ্ট দেশের সরকারের অনুষ্ঠান আপলিংক করার অনুমতি পত্রের কপি।

০৭। বাংলাদেশে যে ভাষায় প্রস্তাবিত চ্যানেলটি টেলিকাস্ট হইবে ঃ

০৮। প্রস্তাবিত চ্যানেলটির স্যাটেলাইট সিগন্যালের ধরন ঃ

০৯। যিনি আবেদনকারীর পক্ষে নির্ধারিত ব্যক্তি হিসাবে তথ্য মন্ত্রণালয়ের সাথে প্রাথমিক যোগাযোগ করিবেন কোম্পানির অনুমোদনপত্রসহ তাহার—

নাম ঃ ------------------------------------------------------------------------

ঠিকানা ঃ ------------------------------------------------------------------------

ফোন ---------------------- মোবাইল ---------------------- ফ্যাক্স -------------------

১০। পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট (মূলকপি) টাঃ------------------------ নং ------------------

তারিখ ------------------------ ব্যাংক ------------------- শাখা ---------------------

------------------------------ জেলা ------------------------

১১। প্রস্তাবিত চ্যানেলগুলো কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর ধারা ১৯ এ বর্ণিত বিষয়াবলীর পরিপন্থী কোন অনুষ্ঠান সম্প্রচার করে কিনা ?

১২। আমি/আমরা --------------------------------------------------- ঘোষণা করিতেছি যে,

ক. আমি/আমরা বাংলাদেশে ডাউনলিংক ও বিতরণের উদ্দেশ্যে উল্লিখিত চ্যানেলটির/ চ্যানেলগুলোর পক্ষে আবেদন করিতেছি। এ ব্যাপারে বিশদ বিবরণ দেওয়া হইয়াছে। আমার/আমাদের জানামতে আবেদন ফরমে প্রদত্ত তথ্য নির্ভুল।

খ. আমি/আমরা স্বীকার করিতেছি যে, আবেদনের সকল শর্তাবলী এবং কেব্‌ল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ ও বিধিমালায় বর্ণিত সকল বিধানাবলী বিশেষতঃ বিধি-নিষেধ এবং সরকার কর্তৃক, সময়, সময়, জারীকৃত আদেশ, নির্দেশ, পরিপত্র, প্রজ্ঞাপন, ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করিব এবং অনুসরণ করিতে বাধ্য থাকিব।

তারিখ ঃ -------------------------।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর
সীলমোহর (যদি থাকে)

**ফরম ঘ**

**[ বিধি-৩(১)(গ), ৫(২) দ্রষ্টব্য ]**

আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি এখানে সংযুক্ত করিতে হইবে।

বরাবর

লাইসেন্সিং কর্তৃপক্ষ

(জেলা প্রশাসক/সরকার কর্তৃক নিযুক্তিয় - - - - - - - - - - - - - - - -)

ঠিকানা ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

বিষয় ঃ **কেব্‌ল্‌ অপারেটর/এম.এস.ও/ফিল্ড অপারেটর এর লাইসেন্স বা লাইসেন্স নবায়নের জন্য আবেদনপত্র।**

০১। আবেদনকারী—

ক. নাম ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

খ. পিতার নাম ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

গ. মাতার নাম ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

ঘ. স্বামী/স্ত্রীর নাম ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

ঙ. ঠিকানা ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

০২। কোম্পানির—

ক. নাম ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

খ. ঠিকানা ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -
- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

গ. টেলিফোন ঃ অফিস ঃ - - - - - - - - - - - - বাসা ঃ - - - - - - - - - -

মোবাইল ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

ঘ. ফ্যাক্স নম্বর ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

ঙ. ই-মেইল (যদি থাকে) ঃ - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

০৩। যে জন্য ফিস পরিশোধিত ঃ (প্রযোজ্য ক্ষেত্রে √ চিহ্ন দিন)

ক. লাইসেন্স (নতুন) ঃ ☐

খ. নবায়ন ঃ ☐

গ. ডুপ্লিকেট/অনুলিপি ঃ ☐

০৪। যে এলাকায় (জেলায়) ব্যবসার জন্য আবেদন করিয়াছেন তাহা সুস্পষ্টভাবে উল্লেখ করুন (যেমন—মহল্লা/গ্রাম/ওয়ার্ড, থানা, ইত্যাদি)- - - - - - - - - - - - - - - - - - - - - - - - -
- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

০৫। পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট (মূলকপি) টাকা - - - - - - - - - - - - - নং - - - - - - - - - - - -

তারিখ - - - - - - - - - - - ব্যাংক - - - - - - - - - - - - - - - - - - - শাখা - - - - - - - - -

- - - - - - - - - - - - - - - - জেলা - - - - - - - - - - - - - - - - - - -

০৬। ব্যবসা শুরুর তারিখ (দিন-মাস-বছর) ঃ

০৭। চ্যানেল সংখ্যা (নামসহ) সংযুক্ত করুন ঃ

০৮। নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করা হইল ঃ

ক. ট্রেড লাইসেন্স;

খ. আবেদনকারীর বা কোম্পানির ব্যাংক স্বচ্ছলতার সনদ;

গ. আবেদনকারীর বা কোম্পানির টিআইএন সনদ;

ঘ. প্রতিষ্ঠান/কোম্পানির ভ্যাট রেজিস্ট্রেশন সনদ;

ঙ. প্রতিষ্ঠান/কোম্পানির প্রত্যেক অংশীদার/পরিচালকের নাম ও ঠিকানা; (প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করুন)

চ. লিমিটেড কোম্পানির ক্ষেত্রে কোম্পানির সংঘবিধি ও সংঘস্মারকের কপি;

ছ. ফিল্ড অপারেটর লাইসেন্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট কেব্‌ল্‌ অপারেটর এর মধ্যে সম্পাদিত চুক্তিপত্রের কপি;

জ. কেব্‌ল্‌ অপারেটর/এম.এস.ও এর অধীন প্রত্যেক ফিল্ড অপারেটর এর পূর্ণাঙ্গ নাম ও ঠিকানাসহ তালিকা; এবং

ঝ. বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪-এর ৫ক বিধি অনুসারে কেব্‌ল্‌ অপারেটরস্‌ এসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব) অথবা সংশ্লিষ্ট জেলার চেম্বার অব কমার্স এণ্ড ইন্ডাস্ট্রিজের সদস্য পদের সনদ।

তারিখ ঃ - - - - - - - - - -।

আবেদনকারীর স্বাক্ষর
সীলসহ (যদি থাকে)

**তফসিল-১**

**[বিধি-৩(৩), ৪, ৫(২) দ্রষ্টব্য]**

বিষয় ঃ **ফিড অপারেটর, কেবল অপারেটর, এম. এস. ও, কেবল ডিস্ট্রিবিউটর এর লাইসেন্স ফি বা প্রসেস ফি ইত্যাদি।**

| আইটেমের বিবরণ | | অপারেটরের ক্যাটাগরি ও এলাকার বিবরণ বাৎসরিক ফি (টাকায়) | মাসিক সারচার্জ (টাকায়) |
|---|---|---|---|
| প্রসেস ফি | (১) | ফিড অপারেটর-১,০০০ (এক হাজার) টাকা | |
| | (২) | কেবল্ অপারেটর-২,০০০ (দুই হাজার) টাকা | |
| | (৩) | এমএসও-১০,০০০ (দশ হাজার) টাকা | |
| | (৪) | কেবল্ ডিস্ট্রিবিউটর-১০,০০০ (দশ হাজার) টাকা | |
| লাইসেন্স ফি | (১) | **ফিড অপারেটর-**<br>৮,০০০ (আট হাজার) টাকা [বিভাগীয় শহর]<br>৫,০০০ (পাঁচ হাজার) টাকা [বিভাগীয় শহরের বাহিরে]<br>জেলা শহর ব্যতীত অন্যান্য এলাকা- ৩,০০০ (তিন হাজার) টাকা। | ৪০০ (চারশত) টাকা<br>৩০০ (তিনশত) টাকা<br>২০০ (দুইশত) টাকা |
| | (২) | **কেবল্ অপারেটর-**<br>২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা [বিভাগীয় শহর]<br>১৫,০০০ (পনের হাজার) টাকা [বিভাগীয় শহরের বাহিরে] | ৫০০ (পাঁচশত) টাকা<br>৪০০ (চারশত) টাকা |
| | (৩) | এমএসও-৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা | ১,০০০ (এক হাজার) টাকা |
| | (৪) | কেবল্ ডিস্ট্রিবিউটর ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা (প্রতিটি বিদেশী পে-চ্যানেলের জন্য) | ১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা |
| নবায়ন ফি | | লাইসেন্সের মেয়াদ দুই বৎসর বিধায় আলাদাভাবে নবায়ন ফি নির্ধারণ করা হয়নি। | |
| ডুপ্লিকেটিং লাইসেন্স ফি | (১) | ফিড অপারেটর-২০০ (দুইশত) টাকা | |
| | (২) | কেবল্ অপারেটর-২০০ (দুইশত) টাকা | |
| | (৩) | এমএসও-২০০(দুইশত) টাকা | |
| | (৪) | কেবল্ ডিস্ট্রিবিউটর-২০০(দুইশত) টাকা | |

**তফসিল-২**

**[বিধি-৩(৪)(খ), ৪ দ্রষ্টব্য]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

.................................

.................................

**কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর অধীনে ডিস্ট্রিবিউটর লাইসেন্স।**

লাইসেন্স নম্বর ঃ ....................................................................................

কার্যক্রম পরিচালনার এলাকা ঃ ....................................................................................

রেজিঃ নং ঃ ....................................................................................

লাইসেন্স প্রদানের তারিখ ঃ ....................................................................................

নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত প্রতিষ্ঠানের নামে লাইসেন্স মঞ্জুর করা হইল ঃ—

১। প্রতিষ্ঠানের নাম ঃ ....................................................................................

২। প্রতিষ্ঠানের ঠিকানা ঃ ....................................................................................

৩। অনুমোদিত চ্যানেলের নাম ঃ (পে-চ্যানেল) ....................................................................

(ফ্রি চ্যানেল) ....................................................................

৪। পরিশোধিত লাইসেন্স ফি ঃ ....................................................................................

৫। ফি আদায়ের তারিখ ঃ ....................................................................................

৬। পরবর্তী নবায়নের তারিখ ঃ ....................................................................................

৭। **শর্তসমূহ ঃ**

ক. লাইসেন্স গ্রহীতা কর্তৃক এই আইন ও বিধিমালার প্রতিপালন;

খ. লাইসেন্স গ্রহীতা কর্তৃক সরকার অনুমোদিত চ্যানেল ব্যতীত অন্য কোন চ্যানেল ডাউনলিংক, বিপণন বা সঞ্চালন এবং নিজস্ব অনুষ্ঠান প্রদর্শন বা সম্প্রচার না করণ;

গ. লাইসেন্স গ্রহীতা কর্তৃক মানসম্মত সেবাপ্রদানসহ কারিগরী মান বজায় রাখা ও অন্যান্য কারিগরী শর্তাবলী প্রতিপালন;

ঘ. ভূ-গর্ভস্থ কেবল্, শূন্যে ঝুলন্ত লাইন ও আনুষঙ্গিক স্থাপনা সংযোজন বা ব্যবহারের কারণে ক্ষতি হইলে, ক্ষতিগ্রস্থ ব্যক্তি বা সংস্থাকে লাইসেন্স গ্রহীতা কর্তৃক ক্ষতিপূরণ প্রদান নিশ্চিতকরণ;

ঙ. সরকার কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান বাধ্যতামূলকভাবে প্রচারকরণ, যথা ঃ—

অ. রাষ্ট্রপতি ও সরকার প্রধানের ভাষণ;

আ. জন গুরুত্বপূর্ণ ঘোষণা বা প্রেসনোট;

ই. জরুরী আবহাওয়া বার্তা;

ঈ. দুর্যোগ সতর্কীকরণ বার্তা;

উ. সরকার কর্তৃক সময় সময়, প্রচারিত গুরুত্বপূর্ণ সরকারী ও অন্যান্য অনুষ্ঠান;

(চ) লাইসেন্স গ্রহীতা কর্তৃক ব্যবসা বন্ধ বা পরিবর্তনের বিষয় অবহিত করণ;

(ছ) ধারা ১৯এ বর্ণিত বাধা নিষেধসমূহ প্রতিপালন।

লাইসেন্সিং কর্তৃপক্ষ
সীলসহ স্বাক্ষর

**বিঃদ্রঃ**—এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

লাইসেন্সটি ব্যবসা কেন্দ্রের দর্শনযোগ্য স্থানে ঝুলাইয়া রাখিতে হইবে।

**তফসিল-৩**

**[ বিধি-৩(৪)(খ), ৪ দ্রষ্টব্য ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

...................................

...........................

**কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ এর অধীনে**

**.........................................লাইসেন্স।**

লাইসেন্স নম্বর ঃ ........................................................................

কার্যক্রম পরিচালনার এলাকা ঃ ........................................................................

রেজিঃ নং ঃ ........................................................................

লাইসেন্স প্রদানের তারিখ ঃ ........................................................................

নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত প্রতিষ্ঠানের নামে লাইসেন্স মঞ্জুর করা হইল ঃ—

১। প্রতিষ্ঠানের নাম ঃ ........................................................................

২। প্রতিষ্ঠানের ঠিকানা ঃ ........................................................................

৩। অনুমোদিত চ্যানেলের নাম ঃ (পে-চ্যানেল) ......................................................

(ফ্রি-চ্যানেল) ......................................................

৪। পরিশোধিত লাইসেন্স ফি ঃ ........................................................................

৫। ফি আদায়ের তারিখ ঃ ........................................................................

৬। পরবর্তী নবায়নের তারিখ ঃ ........................................................................

৭। শর্তসমূহ ঃ

ক. লাইসেন্স গ্রহীতা কর্তৃক এই আইন ও বিধিমালার প্রতিপালন;

খ. লাইসেন্স গ্রহীতা কর্তৃক সরকার অনুমোদিত চ্যানেল ব্যতীত অন্য কোন চ্যানেল ডাউনলিংক, বিপণন বা সঞ্চালন এবং নিজস্ব অনুষ্ঠান প্রদর্শন বা সম্প্রচার না করণ;

গ. লাইসেন্স গ্রহীতা কর্তৃক মানসম্মত সেবাপ্রদানসহ কারিগরী মান বজায় রাখা ও অন্যান্য কারিগরী শর্তাবলী প্রতিপালন;

ঘ. ভূ-গর্ভস্থ কেবল্ শূন্যে ঝুলন্ত লাইন ও আনুষঙ্গিক স্থাপনা সংযোজন বা ব্যবহারের কারণে ক্ষতি হইলে, ক্ষতিগ্রস্থ ব্যক্তি বা সংস্থাকে লাইসেন্স গ্রহীতা কর্তৃক ক্ষতিপূরণ প্রদান নিশ্চিতকরণ;

ঙ. সরকার কর্তৃক অনুমোদিত নিম্নবর্ণিত জাতীয় গুরুত্বপূর্ণ অনুষ্ঠান বাধ্যতামূলকভাবে প্রচারকরণ, যথা ঃ—

অ. রাষ্ট্রপতি ও সরকার প্রধানের ভাষণ;

আ. জনগুরুত্বপূর্ণ ঘোষণা বা প্রেসনোট;

ই. জরুরী আবহাওয়া বার্তা;

ঈ. দুর্যোগ সতর্কীকরণ বার্তা;

উ. সরকার কর্তৃক, সময় সময়, প্রচারিত গুরুত্বপূর্ণ সরকারি ও অন্যান্য অনুষ্ঠান।

চ. লাইসেন্সগ্রহীতা কর্তৃক ব্যবসা বন্ধ বা পরিবর্তনের বিষয় অবহিতকরণ;

ছ. ধারা ১৯ এ বর্ণিত বাধা নিষেধসমূহ প্রতিপালন।

লাইসেন্সিং কর্তৃপক্ষ
সীলসহ স্বাক্ষর।

বিঃ দ্রঃ এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

লাইসেন্সটি ব্যবসা কেন্দ্রের দর্শনযোগ্য স্থানে ঝুলাইয়া রাখিতে হইবে।

## তফসিল-৪

[ বিধি-৭ দ্রষ্টব্য ]

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত সেবা প্রদানকারীর কার্যালয়

### সার্ভিস ফি

| সার্ভিস এর ধরন | এলাকা ও চ্যানেলের সংখ্যা | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। সংযোগ ফি (এক বারের জন্য) | মহানগর এলাকার জন্য<br>মহানগর এলাকার বাহিরে | ৫০০ (পাঁচশত) টাকা<br>৩০০ (তিনশত) টাকা |
| ২। মাসিক ফি | ঢাকা ও চট্টগ্রাম শহরের জন্য (ন্যূনতম ৩০টি পে-চ্যানেলসহ মোট ৬০টি চ্যানেল প্রদর্শনের শর্তে) | সর্বোচ্চ ৩০০ (তিনশত) টাকা |
| ৩। মাসিক ফি | রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, ফরিদপুর, ময়মনসিংহ, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, যশোর, কুষ্টিয়া, পাবনা, বগুড়া, রংপুর, দিনাজপুর, রাঙ্গামাটি, টাঙ্গাইল (ন্যূনতম ২৫টি পে-চ্যানেলসহ মোট ৫০টি চ্যানেল প্রদর্শনের শর্তে) | সর্বোচ্চ ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা |
| ৪। মাসিক ফি | অন্যান্য জেলা শহর (ন্যূনতম ১৫টি পে-চ্যানেলসহ মোট ৪০টি চ্যানেল প্রদর্শনের শর্তে) | সর্বোচ্চ ২০০ (দুইশত) টাকা |
| ৫। মাসিক ফি | উপজেলা (ন্যূনতম ১০টি পে-চ্যানেলসহ মোট ৩০টি চ্যানেল প্রদর্শনের শর্তে) | সর্বোচ্চ ১৫০ (একশত পঞ্চাশ) টাকা |

সেবাপ্রদানকারীর রেজিঃ নম্বর ঃ------------------------------

লাইসেন্স নম্বর ও তারিখ ঃ

সেবাপ্রদানকারীর
সিলসহ স্বাক্ষর

**তফসিল-৫**

**[ বিধি-৮ দ্রষ্টব্য ]**

**সেবাপ্রদানকারী কর্তৃক দৈনিক সম্প্রচারিত অনুষ্ঠানের তালিকা রেজিস্টার ফরম**

| ক্রঃনং | এনক্রিপটেড চ্যানেল বা প্রোগ্রাম | ব্যাপ্তিকাল | | তারিখ | মাস | বৎসর |
|---|---|---|---|---|---|---|
| | | হইতে | পর্যন্ত | | | |
| | | | | | | |

সেবাপ্রদানকারীর
সিলসহ স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তন্দ্রা শিকদার**
উপ-সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd